গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
(www.bnfe.gov.bd)

স্মারক সংখ্যা-৩৮.০০.০০০০.৩০৮.০৫.০২০.১৬-৬৬

তারিখ: ২৩ বৈশাখ ১৪২৬ / ০৬ মে ২০১৯

# অফিস আদেশ

মন্ত্রিপরিষদ বিভাগ কতৃক বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন নির্দেশিকা ২০১৮-২০১৯ এর পৃষ্ঠা নং-৮ অনুচ্ছেদ ২.১৩ ই সেবা তৈরি ও বাস্তবায়ন এবং অনুচ্ছেদ ২.১৪ তে সেবা পদ্ধতি সহজিকরণ সংক্রান্ত নির্দেশনা রয়েছে। তদানুযায়ী উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো অত্র দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের পেনশন সহজিকরণের ব্যবস্থা গ্রহণ করেছে। ইতোমধ্যে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো ই-সেবার আওতায় Personal Management Information System (PMIS) সফটওয়্যার উন্নয়ন করেছে যা ব্যবহার করে অত্র দপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারী তাদের চাকুরী সংক্রান্ত যাবতীয় তথ্য যেমন পেনশন প্রাপ্তির প্রয়োজনীয় বিষয়াদির সু-স্পষ্ট ধারনা লাভ করবে। এ সংক্রান্ত অনলাইন সফটওয়্যারটি চলমান রয়েছে যা পোর্টালের ডান দিকে অভ্যন্তরীন ই-সেবায় লিংক করা আছে। এই সেবা সহজিকরণের মাধ্যমে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সকল কর্মকর্তা/কর্মচারীর পেনশন মঞ্জুর সংক্রান্ত দীর্ঘদিনের বিদ্যমান জটিলতা দূরীভূত হবে। ফলে একদিকে সরকারি অফিসে কাজের গতি বৃদ্ধি পাবে, অন্যদিকে সেবা গ্রহীতাদের ভোগান্তি দূর হবে।

উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সকল কর্মকর্তা/কর্মচারীদের উক্ত সেবা ব্যবহার পূর্বক তাদের স্ব স্ব তথ্য আপডেট রাখার জন্য অনুরোধ করা হলো।

০৬.০৫.১৯
(তপন কুমার ঘোষ)
মহাপরিচালক
ফোন-৯৮৮৭৮৯৫

**কার্যার্থেঃ**
১। পরিচালক (প্রশাসন ও অর্থ)/(পরিকল্পনা, মনিটরিং ও মূল্যায়ন), উশিব্যু, ঢাকা।
২। সিস্টেম এনালিস্ট, উশিব্যু, ঢাকা।
৩। উপ-পরিচালক (সকল), উশিব্যু, ঢাকা।
৪। সহকারী পরিচালক (সকল), উশিব্যু, ঢাকা।
৫। সহকারী পরিচালক, জেউশিব্যু (সকল) জেলা.................................।
৬। লাইব্রেরিয়ান, উশিব্যু, ঢাকা।
৭। স্টোর অফিসার, উশিব্যু, ঢাকা।

**সদয় জ্ঞাতার্থে :**
১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রকল্প পরিচালক, এটুআই প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।